

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট
গোপায়া, হবিগঞ্জ।

ই-মেইলঃ principal.hpi@gmail.com ওয়েব সাইটঃ www.habigonjpoly.govt.bd

স্মারক নং-৩৭.০৩.৩৬৪৪.০১০.১৬.০২.১৩-৬০৫

তারিখঃ ২১/০৩/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ Disability Inclusion Action Plan of DTE for ২০১৭-১৮ এর সমঝোতা স্মারক স্বাক্ষরের হার্ড ও সফট কপি প্রেরণ প্রসঙ্গে।


সূত্রঃ স্মারকনং- ৩৭.০৩.০০০০.০৫.১৬.০০২.১৩-১০১ তারিখঃ ১২-০৩-২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Disability Inclusion Action Plan of DTE for ২০১৭-১৮ -এ পলিটেকনিক ইন্সটিটিউটের সমঝোতা স্মারক স্বাক্ষরের হার্ড ও সফট কপি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ

১. সমঝোতা স্মারক স্বাক্ষর- ১ টি- ২(দুই) পাতা।

Disable file


(প্রকৌঃ মোস্তাহার হোসেন)
অধ্যক্ষ

হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট
গোপায়া, হবিগঞ্জ-৩৩০২।

মহাপরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর

এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা

শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (পঃ ও উঃ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩৭.০৩.৩৬৪৪.০১০.১৬.০২.১৩-৬০৫(৪)

তারিখঃ ২১/০৩/২০১৮ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১-২। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ পিআইইউ) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সংরক্ষণ নথি।

(প্রকৌঃ মোস্তাহার হোসেন)
অধ্যক্ষ

হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট
গোপায়া, হবিগঞ্জ-৩৩০২।

৳৫০



৳৫০

পঞ্চাশতিকা

কছ ৯৮১১২৪৬

পারস্পরিক সমঝোতা চুক্তি

১ম পক্ষঃ

প্রকৌঃ মোতাহার হোসেন, অধ্যক্ষ হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট, গোপায়া, হবিগঞ্জ-৩৩০২।

ই-মেইলঃ principal.hpi@gmail.com, ওয়েবঃ www.habigonjpoly.gov.bd, মোবাইলঃ ০১৮১৯-৪৩৪৫৮০।

২য় পক্ষঃ

মোঃ হাবিবুর রহমান, উপ-পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, হবিগঞ্জ। মোবাইলঃ ০১৭১২-১৭৭৭৭২

হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট এর পক্ষে প্রকৌঃ মোতাহার হোসেন, অধ্যক্ষ এবং জেলা সমাজ সেবা কার্যালয় এর পক্ষে মোঃ হাবিবুর রহমান, উপ-পরিচালক ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কারিকুলামের দক্ষতা উন্নয়ন কর্মসূচীতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশ গ্রহন বাড়িয়ে তাদের সুযোগ আরও বৃদ্ধি করার লক্ষ্যে এতদ্বারা দ্বিপক্ষীয় সমঝোতা চুক্তি স্বাক্ষর করা হল।

উদ্দেশ্যঃ

প্রতিবন্ধী শিক্ষার্থীদের মধ্যে কারিগরি দক্ষতা অর্জনে উৎসাহ বৃদ্ধি করা এবং সংরক্ষিত ৫% কোটা ব্যবস্থা বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখা।

চুক্তিনামার ক্ষেত্রঃ

১. হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট-এর প্রশাসনের সাথে জেলা সমাজ সেবা কার্যালয়, হবিগঞ্জ প্রশাসন সরাসরি আলোচনা করে কর্মকান্ড নির্ধারন করবেন।
২. হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের সংগঠন সমূহের মধ্যে পারস্পরিক সম্পর্ক বৃদ্ধি।
৩. হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিবার ও সমাজের মধ্যে দক্ষতা উন্নয়ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি।
৪. প্রশিক্ষণের ফলে প্রতিবন্ধী শিক্ষার্থীরা দক্ষ হবে, যা সরকার কর্তৃক ৫% কোটা বাস্তবায়ন ত্বরান্বিত হবে।
৫. প্রতিবন্ধীর ধরন অনুযায়ী প্রশিক্ষণ প্রদান।

Signature
Date: 21/12/18

৳৫০



৳৫০

সমগ্র দেশ

ক/ ৯৮১১২৪৭

চুক্তি বাস্তবায়নে হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট-এর ভূমিকাঃ

১. ভর্তি বিজ্ঞপ্তিতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের অগ্রাধিকারের বিষয়টি উল্লেখ করা।
২. প্রশিক্ষণ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করলে তা প্রতিবন্ধী শিক্ষার্থীদের অবগতির জন্য সমাজ সেবা কার্যালয়, হবিগঞ্জ-কে অবহিত করা।
৩. প্রশিক্ষকদের জন্য প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপযোগী দক্ষতা উন্নয়ন সেশনের ব্যবস্থা করা।
৪. প্রতিবন্ধী শিক্ষার্থীদের ভর্তিতে উৎসাহিত করতে বিশেষ বৃত্তি ও সহায়ক উপকরণের ব্যবস্থা করা।
৫. প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিবন্ধী ছাত্রীদের ডাটাবেস তৈরি ও সংরক্ষণ করা।
৬. হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট কর্তৃক আয়োজিত বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা।

চুক্তি বাস্তবায়নে জেলা সমাজ সেবা কার্যালয়, হবিগঞ্জ এর ভূমিকাঃ

১. কারিগরি শিক্ষার গুরুত্বের বিষয়টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিবার ও সমাজে জনসচেতনতা সৃষ্টি করা।
২. প্রতিবন্ধী শিক্ষার্থীদের মধ্যে প্রশিক্ষণ কোর্স বিষয়ে অবগত করা।
৩. কারিগরি শিক্ষা গ্রহণে আগ্রহী প্রতিবন্ধী শিক্ষার্থীদের তালিকা তৈরি করে হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউটে অবগত করা।
৪. অন্যান্য প্রতিবন্ধী সংগঠনগুলোর সাথে হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট-এর নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তথ্য আদান প্রদানে সহায়ক ভূমিকা রাখা।
৫. কারিগরি শিক্ষায় শিক্ষিত প্রতিবন্ধী শিক্ষার্থীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে বিভিন্ন চাকুরিদাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করা।

১ম পক্ষ

প্রকৌঃ মোতাহার হোসেন

অধ্যক্ষ

হবিগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট
গোপায়া, হবিগঞ্জ-৩৩০২।

২য় পক্ষ

মোঃ হাবিবুর রহমান

উপ-পরিচালক

জেলা সমাজ সেবা কার্যালয়
হবিগঞ্জ।